



গাজা সংকট সমাধানে ট্রাম্প পরিকল্পনা নিয়ে পুতিন-নেতানিয়াহুর আলোচনা



সংগৃহীত ছবি

গাজা উপত্যকার শান্তি প্রক্রিয়া নিয়ে যুক্তরাষ্ট্রের ট্রাম্প-প্রস্তাবিত পরিকল্পনা বিষয়ে ফোনে কথা বলেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। আলোচনায় ফিলিস্তিন ইস্যুর স্থায়ী সমাধানে রাশিয়ার সমর্থন পুনর্ব্যক্ত করেন পুতিন।

গাজা ইস্যুতে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শান্তি পরিকল্পনাকে কেন্দ্র করে সোমবার এক গুরুত্বপূর্ণ ফোনালাপে অংশ নেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। ক্রেমলিনের বিবৃতিতে জানানো হয়, এই আলাপে পুতিন ফিলিস্তিন-ইসরায়েল দ্বন্দ্বের ন্যায়সঙ্গত সমাধানে রাশিয়ার অবস্থান পুনরায় তুলে ধরেন এবং শান্তি প্রচেষ্টায় সমন্বয়ের আহ্বান জানান।

এ সময় ইরানের পারমাণবিক কর্মসূচি, সিরিয়ার স্থিতিশীলতা ও মধ্যপ্রাচ্যের সামগ্রিক ভূরাজনৈতিক পরিস্থিতিও আলোচনায় উঠে আসে। দুই নেতা আঞ্চলিক শান্তি ও নিরাপত্তা রক্ষায় পারস্পরিক যোগাযোগ অব্যাহত রাখার অঙ্গীকার করেন।

এর আগে, গত আগস্টে সর্বশেষ পুতিন ও নেতানিয়াহু ফোনে কথা বলেছিলেন বলে জানিয়েছে টাইমস অব ইসরায়েল।